

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮০১

১/ বিবিধ

আরবী

إن الله عز وجل جعل ذرية كل نبي في صلبه، وإن الله تعالى جعل ذريتي في صلب  
علي بن أبي طالب  
موضوع

رواه الطبراني (1 / 258 / 2) : عن عبادة بن زياد الأسدي: حدثنا يحيى بن العلاء  
الرازي عن جعفر بن محمد عن أبيه عن جابر مرفوعا

قلت: وهذا موضوع، آفته يحيى بن العلاء، كذاب يضع كما تقدم مرارا  
والحديث أورده السيوطي في "الجامع"، من رواية الطبراني عن جابر، والخطيب في  
"التاريخ" عن ابن عباس، فقال المناوي في رواية الطبراني: "قال الهيثمي (9 / 172)  
فيه يحيى بن العلاء وهو متروك. وقال ابن الجوزي قال أحمد: يحيى بن العلاء كذاب  
يضع

وقال الدارقطني: "أحاديثه موضوعة". وذكر في "الميزان" نحوه في ترجمة العلاء،  
وأورد له أخبارا هذا منها". ثم قال في رواية الخطيب: "قال ابن الجوزي: "حديث لا  
يصح، فيه ابن المرزبان، قال ابن الكاتب: كذاب، ومن فوقه إلى المنصور ما بين  
مجهول وغير موثوق". وفي "الميزان" في ترجمة عبد الرحمن بن محمد الحاسب:  
"لا يدري من ذا؟ وخبره كذب، رواه الخطيب". ثم ساق هذا الخبر

৮০১। আল্লাহ তা'আলা প্রত্যেক নবীর সন্তানদের তার পিঠেই রেখেছেন। আর আমার সন্তানদেরকে আল্লাহ তা'আলা আলী ইবনু আবী তালেবের পিঠে রেখেছেন।

হাদীছটি জাল।

এটি তাবারানী (১/২৫৮/২) ওবাদাহ ইবনু যিয়াদ আল-আসাদী হতে তিনি পিতা হতে তিনি জাবের (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে ইয়াহইয়া ইবনুল আলা। তিনি মিথ্যুক, জালকারী যেমনটি তার সম্পর্কে বহুবার আলোচনা করা হয়েছে।

হাদীছটি সুযুতী “আল-জামে” গ্রন্থে তাবারানীর বর্ণনায় জাবের (রাঃ) হতে আর আল-খাতীব “আত-তারীখ” গ্রন্থে ইবনু আব্বাস (রাঃ) হতে উল্লেখ করেছেন। মানবী তাবারানীর বর্ণনায় বলেনঃ হায়ছামী (৯/১৭২) বলেছেনঃ তাতে ইয়াহইয়া ইবনুল আলা রয়েছে, তিনি মাতরুক। ইবনুল জাওয়ী বলেন, ইমাম আহমাদ বলেছেনঃ ইয়াহইয়া ইবনুল আলী মিথ্যুক, জালকারী। দারাকুতনী বলেনঃ তার হাদীছগুলো বানোয়াট। “আল-মীযান” গ্রন্থে ইবনু আলাস জীবনীতে অনুরূপ কথাই উল্লেখ করা হয়েছে।

অতঃপর তিনি আল-খাতীবের বর্ণনার ব্যাপারে বলেনঃ ইবনুল জাওয়ী বলেনঃ হাদীছটি সহীহ নয়। তাতে ইবনুল মারযুবান রয়েছে, তার সম্পর্কে ইবনুল কাতিব বলেনঃ তিনি মিথ্যুক। তার উপরের বর্ণনাকারীগণ হয় মাজহুল না হয় নির্ভরযোগ্য নন। “আল-মীযান” গ্রন্থে বর্ণনাকারী আব্দুর রহমান ইবনু মুহাম্মাদ আল-হাসেব সম্পর্কে বলা হয়েছেঃ তিনি কে তা জানা যায় না। তার খবর (হাদীছ) মিথ্যা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71680>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন